



তথ্যবিবরণী

নম্বর: ০৯৭

পবায় অবৈধভাবে পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে বিএসটিআই'র জরিমানা

রাজশাহী ; ২৭ কার্তিক (১২ নভেম্বর) :

বিএসটিআই'র গুণগত মানসনদ গ্রহণ না করে 'ব্যাটারি পানি' উৎপাদন ও বিক্রয়-বিতরণ এবং মোড়কে অবৈধভাবে বিএসটিআই এর মানচিহ্ন সম্বলিত মনোগ্রাম ব্যবহার করায় বায়ার ভোলাবাড়ীস্থ আবির ব্যাটারি পানি প্রতিষ্ঠানটিকে ৩০ হাজার টাকা জরিমানা করেছে বিএসটিআই পরিচালিত এক ড্রাম্যমান আদালত। একই সাথে এ অভিযানে প্রায় ৪ হাজার লিটার নিম্নমানের ব্যাটারি পানি ও ৮০০ টি মোড়ক ধ্বংস করা হয়।

বিএসটিআই এর পক্ষ থেকে বলা হয়েছে, প্রতিষ্ঠানটি প্রায় তিন বছর যাবৎ অবৈধভাবে লাইসেন্স ছাড়াই গোপনে স্পার্ক, ভলভের মতো বিভিন্ন স্বনামধন্য প্রতিষ্ঠানের ব্র্যান্ড নকল করে ব্যবসা পরিচালনা করে আসছিলো। সেই সাথে প্রতিষ্ঠানটির পণ্য উৎপাদনে রিভার্স অসমোসিস মেশিন, অ্যানায়ন, ক্যাটায়নের মতো যথাযথ যন্ত্রপাতি ছিলো না এবং পরিবেশও ছিলো উৎপাদনের অযোগ্য। প্রতিষ্ঠানটির উৎপাদিত পানির টিডিএস নিয়ন্ত্রণের কোনো ব্যবস্থা না থাকায় তা গাড়ি ও আইপিএসসহ যেকোনো ডিভাইসের ব্যাটারির জন্য মারাত্মক ক্ষতিকর বিধায় তার উৎপাদন তথা বিক্রি-বিতরণ বন্ধ রাখতে নির্দেশনা প্রদান করা হয়।

একই এলাকায় নিউ স্বাদ মুড়ি মিল নামক অন্য আরেকটি প্রতিষ্ঠানকে বিএসটিআই'র গুণগত মানসনদ গ্রহণ না করে অত্যন্ত অস্বাস্থ্যকর পরিবেশে 'মুড়ি' উৎপাদন ও বিক্রয়-বিতরণ এবং মোড়কে অবৈধভাবে বিএসটিআই এর মানচিহ্ন সম্বলিত মনোগ্রাম ও আগাম উৎপাদনের তারিখ ব্যবহার করায় ৫০ হাজার টাকা জরিমানা এবং প্রায় ৪০ হাজার টি মোড়ক জব্দ ও ধ্বংস করা হয়।

রাজশাহী পবা উপজেলার সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোঃ জাহিদ হাসান এর নেতৃত্বে পরিচালিত ড্রাম্যমান আদালতে প্রসিকিউটর হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী বিএসটিআই বিভাগীয় অফিসের সার্টিফিকেশন মার্কস উইং কর্মকর্তা প্রকৌশলী জুনায়েদ আহমেদ।

জনস্বার্থে রাজশাহীর বিএসটিআই কর্তৃক এ ধরনের অভিযান অব্যাহত থাকবে বলে বিএসটিআই সূত্রে জানানো হয়।

.....
তৌহিদ/আতিক/আরিফ/আলীম/হালিম/১৭:০০ঘ.